Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র


## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৫০ নয়া পয়সা। ২৲ দুই টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা ২৫ নয়া পয়সা

নগদ মূল্য ছয় নয়া পয়সা

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।


৪৭শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১৩ই পৌষ বুধবার ১৩৬৭ ইংরাজী 28th Dec. 1960 { ৩৩শ সংখ্যা





## রন্নায় আনন্দ

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলো, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।




## খাস জনতা

কেরোসিন কুকার

রন্ধনে স্বাচ্ছন্দ্য ও নিপুণতা আনবে।

দি ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ
৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

১৩ই পৌষ বুধবার সন ১৩৬৭ সাল।

# ত্রেতা যুগের কলঙ্ক

—•—

ত্রেতা যুগে অবতাররূপে জন্মগ্রহণ করেন বামনদেব, পরশুরাম ও আদর্শ রাজা অযোধ্যাধিপতি রাজা রামচন্দ্র।

সেই রামচন্দ্রের চোরা বাণে বালী রাজাকে বধ করার কলঙ্কের হাত হইতে গান্ধিজীর প্রিয় ভজন—

"রঘুপতি রাঘব রাজা রাম,
পতিতপাবন সীতারাম।"......

সেই পতিতপাবনের অপকর্ম্ম বালী বধে বালীর পত্নী তারা কর্ত্তৃক প্রদত্ত অভিসম্পাত—যে অভিশাপ হইতে রামচন্দ্র নিস্তার পান নাই—আজ সেই অভিশাপ-গীতিকা সামান্য ভিকারীও লোকের দ্বারে দ্বারে গাহিয়া এক মুষ্টি চাউলের পরিবর্ত্তে পরিবেশন করিতেছে। ইতিহাস, পুরাণ, নাটক প্রভৃতিতে সে কলঙ্ক নানাভাবে তো আছেই। একতারা, গোপীযন্ত্র, করতাল ইত্যাদি যন্ত্র বাজাইয়া করুণ সুরে বালী পত্নী তারার রোদন মিশ্রিত গান আজ আমরা বেরুবাড়ী বিজয়ী ভারত সাম্রাজ্যের প্রধান মন্ত্রী পণ্ডিত জহরলালের শ্রবণার্থ নিম্নে উদ্ধৃত করিলাম—

(গান)

পতিতপাবন তুমি নারায়ণ,
লোকে বলে তোমায় করুণানিধান!
তবে কেন হায়,
মূর্চ্ছিত ধরায়
স্বর্ণ-শিখি-চূড় ভূতলে পতন!
কি দোষ পাইয়া পতিরে আমার,
অন্যায় সমরে করিলে সংহার—
দয়াময়, তব একি অবিচার,
কাঁদায়ে বধিলে অবলার প্রাণ?
যে অনলে প্রভু জ্বালালে আমায়
সেই অনলে তুমি জ্বলিবে নিশ্চয়,
জানকী পাইবে, পুনঃ হারাইবে
কেঁদে কেঁদে হবে দিবা অবসান।

এই রোরুদ্যমানা পতি-বিয়োগ-বিধুরা তারার বুকফাটা অভিসম্পাত রামচন্দ্রের শেষদিন পর্য্যন্ত অক্ষরে অক্ষরে ফলিয়াছিল। হে প্রবল পরাক্রান্ত ভারতের প্রধান মন্ত্রী পণ্ডিতোপাধিক জহরলাল নেহেরু! তুমি কি ভাবিয়াছ যে বেরুবাড়ীবাসিগণ একবার বাস্তহারা হইয়া এই বেরুবাড়ীতে আশ্রয় কুটির নির্ম্মাণ করিয়া স্ত্রী-পুত্র-কন্যাদি লইয়া অতিকষ্টে দিনপাত করিতেছিল, তোমার পাক-তোষণ নীতি ও ষড়যন্ত্র তাহাদের নিরাশ্রয় করিয়া আবার উদ্বাস্তু ও উদ্ব্যস্ত করিয়া তুলিল। তাহাদের তপ্ত নিশ্বাস ও উত্তপ্ত অশ্রুজল কি বিফলে যাইবে? বোধ হয় আসামের নিগৃহীতা পতি-বিয়োগ-বিধুরা নারীগণের শোকাশ্রু দেখিয়া অবিচলিত হৃদয় হইতে "আমি কাহারও দোষ দেখিতে আসি নাই, কেবল শান্তি বিতরণ করিতে আসিয়াছি" এই বাক্যাবলী দুঃখিনীদের সান্ত্বনা না দিয়া কাটা ঘায়ে নুনের ছিটা দিয়া আরও কষ্ট দিয়াছিল। তাহাদের তপ্তশ্বাস বিফলে যায় নাই। তবে সে ব্যথা—

খলঃ করোতি দুর্বৃত্তং
নূনং ফলতি সাধুষু।
দশাননো হরেৎ সীতাং
বন্ধনং স্যান্মহোদধেঃ॥

তিন বৎসর, তিন মাস; তিন পক্ষ, তিন দিনের মধ্যে অত্যুৎকট পাপ ও পুণ্যের ফল ফলিয়া থাকে।

আমরা নিরাশ্রয় বেরুবাড়ীর অধিবাসীবর্গকে—চন্দ্রদেব, রামচন্দ্র, শ্রীবৎস রাজার দশা স্মরণ করিয়া হৃদয়ে বল আনিবার জন্য প্রস্তুত হইতে বলিতেছি। পণ্ডিত ৺নীলকণ্ঠ মুখোপাধ্যায় মহাশয়ের একটি গান বলিয়া সান্ত্বনা দিবার চেষ্টা করিতেছি।

সুখ নাই রে দুখের কপালে।
বিধির লেখা চর্ম্মে ঢাকা
ফলতে ফলে কালে কালে।
সিন্ধু-মাঝে ইন্দু স্থিত
স্নিগ্ধ জলে স্থান
জ্ব'লে প্রাণ বাড়বানলে,
শম্ভু-শিরে যান—
গিয়ে শম্ভু-শির-পাশে
ভুজঙ্গ দংশন-ত্রাসে,
উঠিল গিয়ে আকাশে,
সেথায় রাহু গ্রাসে বলে।
শ্রীরামচন্দ্র পূর্ণব্রহ্ম স্বয়ং ভগবান।
রাজা হবার দিনে শ্রীরাম
বনে চলে যান—
জগতে যার করে ভক্তি,
কাননে হারালেন শক্তি
সর্ব্বাংশে হরিল শক্তি
লক্ষ্মণের ঐ শক্তিশেলে।
সময় পেয়ে কাষ্ঠে কাষ্ঠে
হইবে ঘর্ষণ—
গ্রহ ফেরে অগ্নি উঠে
গৃহ হয় দাহন—
নল রাজার হয় শনি দৃষ্ট—
শ্রীবৎসের হয় রাজ্যভ্রষ্ট,
(নীল) কণ্ঠ কয় কি কব কষ্ট,
দগ্ধ মীনও জলে চলে।

যে রাজ শক্তিতে শক্তিমান হইয়া ন্যায় অন্যায় জ্ঞানহারা হয়ে খাদ্যদ্রব্য পর্য্যন্ত পর রাজ্যে ভিক্ষা করিতে হয়। দেশে দেশে ভিক্ষা ও ঋণ করিয়া শৌর্য্য দেখাইতে হয় তাদের সম্বন্ধে একটি গান শুনুন—

যার ঘরে নাই অর্থ,
ধনহীন পাত্র,
তার দুখের ক্ষেত্র সুখমাত্র নাই।
না হ'লে ধনধান্য বলে দীন দৈন্য,
তারে সামান্য সমান কেউ গণে না ভাই।
কি পুত্র জামাতা, করে না মমতা,
যদি তাদের কাছে যায়,
মাতা হন বিমাতা, পিতা হন কুপিতা
তার দুহিতা কুহিতা বণিতা বালাই।
কক্ষে ভিক্ষার ঝুলি,
ফিরে গলি গলি,
দুটি অন্নের লাগি,
কত দ্বারে যায়।
আরও দুঃখ ভারী,
গেলে কুটুম্বের বাড়ী
কিছু না মাগলেও ভিখারী
বলে গো সবাই।

---

**আমরা এবার বড় দিনে বড় দীনের গান গাহিয়া শেষ করিলাম।**

## শারদীয়া মহাপূজার প্রাপ্য অবকাশ

'জঙ্গিপুর সংবাদে'র গ্রাহক, পাঠক ও বিজ্ঞাপন-দাতাগণের নিকট আমাদের বিনীত নিবেদন—আমরা এই সংখ্যা 'জঙ্গিপুর সংবাদ' প্রকাশ করিয়া আমাদের প্রাপ্য দুই সপ্তাহের অবকাশ গ্রহণ করিব। 'জঙ্গিপুর সংবাদ' দুই সপ্তাহ বন্ধ থাকার পর আগামী ৪ঠা মাঘ ইংরাজী ১৮ই জানুয়ারী, ১৯৬১ বাহির হইবে। সম্পাদক—'জঙ্গিপুর সংবাদ'

## কেরাণীর আক্ষেপ

—•—

টাকাটা ভাঙালে দুদণ্ডের বেশী<br>
বাক্সে পয়সা থাকে না,<br>
মাসের দোসরা মুদী ও রজকে<br>
আধলাটী বাকী রাখে না।

কলু বলে বাবু, 'তেলের দামটা<br>
চুকাইয়া দিলে হয় না?'<br>
স্যাকরা বলিছে 'টাকা নাই যদি<br>
(কেন) পরিবার চায় গহনা?'

ছেলের অসুখ সে বার্লি খায় না<br>
ওষুধ খায় না মেয়েটা,<br>
মারিয়া ধরিয়া খাওয়াইতেই হ'বে—<br>
আমার ঘাড়ে সে ঝুকিটা।

শ্বশুর কিংবা ভগিনীর-পতি<br>
কেহ নাই মোর আফিসে;<br>
নিজের কিংবা পিতার শ্যালক<br>
না খুড়ো, না জ্যাঠা, না পিসে,

সুতরাং মোর গতি কে করিবে?<br>
কেরাণী জীবনই বৃথা;<br>
কে আছে আমার, কারে বা বলিব<br>
কে শুনিবে মোর কথা?

পরমেশ! কত গিরি তুমি চূর্ণ করেছ<br>
কেরাণী গিরিটা রাখিবে?<br>
হে বিধি! তোমার শক্তির সুযশে<br>
কলঙ্কের কালিমা মাখাবে?

## জিহ্বা

জিহ্বা কয় দাঁতে আমি বড় ভালবাসি,<br>
ঘুচা'তে তোমার কষ্ট সদা অভিলাষী।<br>
অসোয়াস্তি যথা তব আমি যাই তথা,<br>
তোমার ব্যথায় আমি বোধ করি ব্যথা।

## দন্ত

জিহ্বা! তুমি বন্ধু মোর তাহা জানা আছে।<br>
কৃতজ্ঞতা ব'লে কিছু নাই মোর কাছে।<br>
আমার কবলে তুমি পড়িবে যখন,<br>
প্রতিশোধ দিব আমি করিয়া চর্ব্বণ।

## তেত্রিশ-তলা ভবন

একটি ব্যবসায় প্রতিষ্ঠানের অর্থে এবং জার্ম্মান স্থাপত্যশিল্পী শ্রীপল্ এস্লেবেন-এর পরিচালনায় কলিকাতায় একটি তেত্রিশ-তলা ভবন নির্ম্মিত হইবে। ইহার স্থান নির্ব্বাচিত হইয়াছে চৌরঙ্গী ও হ্যারিংটন ষ্ট্রীটের সংযোগস্থল। ভবনটি তৈরী হইবে 'ভাসমান ভিত্তির' উপর। ভাড়াটিয়ারা এই আকাশচুম্বী প্রাসাদে 'আকাশস্থ নিরালম্ব' অবস্থায় থাকিতে পারিবেন।

## টেণ্ডার নোটীশ

—•—

এতদ্দ্বারা ইচ্ছুক ঠিকাদারগণের নিকট হইতে টেণ্ডার আহ্বান করা যাইতেছে। রঘুনাথগঞ্জ থানার অধীন ১নং জামুয়ার ইউনিয়ন বোর্ডের রাস্তায় দুইটি কালভার্ট ও ১টা হিউম পাইপ কালভার্ট ১৯৬১ সালের জানুয়ারী মাসের মধ্যে নির্ম্মাণ শেষ করার জন্য টেণ্ডার দিবেন। বিস্তৃত বিবরণ জামুয়ার ইউঃ বোর্ডের অফিসে (মণ্ডলপুর) P. U. B এর নিকট পাইবেন! আগামী ৩।১।৬১ তারিখের মধ্যে টেণ্ডার দাখিল করিতে হইবে। ইতি—

শ্রীলক্ষ্মীনারায়ণ ঘোষাল, প্রেসিডেণ্ট<br>
১নং জামুয়ার ইউনিয়ন বোর্ড।

## মাছ ও তরকারীর দর

অন্যান্য বৎসরের তুলনায় এবারে মাছ ও তরকারীর দর অনেক বেশী। মাছ কেনা সাধারণ লোকের পক্ষে সম্ভব নহে। আলুর দরও বেশী।

## চাউল

রঘুনাথগঞ্জ বাজারে চাউলের আমদানী কমিয়া গিয়াছে। রাঢ় অঞ্চলের ব্যাপারীগণ মির্জাপুরের আড়তে চাউল বিক্রয় করিতেছে। সেজন্য এখানে চাউলের দর বর্ত্তমানে ছাঁটা ২০'৫০ ও আছাঁটা ১৯'২৫ দরে বিক্রয় হইতেছে।

## জঙ্গিপুর ফৌজদারী আদালত

### নিলামের দিন ৮ই জানুয়ারী ১৯৬১

১৯৬০ সালের ডিক্রীজারী

১ ভাগচাষ জারী ডিঃ শ্রীপতি মাল দেং ভবতারণ আচার্য্য দাবি ১৬৩ টাকা ৪৪ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে দক্ষিণপাড়া আঃ ১০০৲ খং ৪৫৪।৪৫৫।১২০৪ রায়ত স্থিতিবান

### নিলামের দিন ২০শে জানুয়ারী ১৯৬১

৭ ভাগচাষ জারী ডিঃ দিগম্বর চট্টোপাধ্যায় দেং রতিকান্ত মণ্ডল দাবি ২১৭ টাকা ৩৭ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে সিমলা ১০৭ শতকের কাত ১/১০ আঃ ৫০৲ খং ২৬০ রায়ত স্থিতিবান ২নং লাট মৌজাদি ঐ ৯৩ শতকের কাত ৬৫০ আঃ ৪০৲ খং ৩৪৫ ঐস্বত্ব ৩নং লাট মৌজাদি ঐ ১০ শতকের কাত ৵০ আঃ ৫৲ খং ৪৪ ঐ স্বত্ব ৪নং লাট মৌজাদি ঐ ১৩ শতকের কাত ৪।৶৭ আঃ ৩০৲ খং ২৬১ ঐস্বত্ব ৫নং লাট মৌজাদি ঐ ১৭ শতকের কাত ১।।/৮ আঃ ১০৲ খং ১৫৫ ঐ স্বত্ব

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

### নিলামের দিন ৯ই জানুয়ারী ১৯৬১

১৯৫৯ সালের ডিক্রীজারী

১১৩ খাং ডিঃ সুধীরেন্দ্রনাথ রায় দেং মাহিরুদ্দিন সেখ দিং দাবি ২০ টাকা ৫৬ নঃ পঃ থানা সুতী

মৌজে হিলোড়া ২-১৮ শতকের কাত ১৪৸৶৵ আঃ ১০৲ খং ২৯৬ আদালত মূল্য ৬৫০৲

১৯৬০ সালের ডিক্রীজারী

৫৫ খাং ডিঃ সৌরেন্দ্রনাথ রায় দেং বৈদ্যনাথ সাহা দাবি ১৭ টাকা ৯৪ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে বিজয়পুর ১-৭৭ শতকের কাত ২৷০ আঃ ১০৲ খং ৩৫৬ আদালত মূল্য ৫০০৲

৫১ মনি ডিঃ প্রভুলাল রামজী দেং রাজকুমার ঘোষ দাবি ৩৪২ টাকা ৩৬ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে মির্জ্জাপুর ৩-৪৫ শতকের কাত ১০।৶০ আঃ ১৫০৲ খং ১০৬৪ আদালত মূল্য ১২০০৲

---

## চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

### নিলামের দিন ৯ই জানুয়ারী ১৯৬১

১৯৬০ সালের ডিক্রীজারী

৩৫ খাং ডিঃ কমলারঞ্জন ধর দেং নৃপেন্দ্রনারায়ণ শুকল দিং দাবি ২০ টাকা ১৬ নঃ পঃ থানা সাগরদীঘি মৌজে চাঁদপাড়া ১ ৫ শতকের কাত ৬৸৶০ আঃ ১০৲ খং ১১১

১৭ খাং ডিঃ সেবাইত মহান্ত গোবিন্দদাস আচারী দেং হাজি নিকড়ি মণ্ডল দাবি ১৯ টাকা ৪২ নঃ পঃ থানা সাগরদীঘি মৌজে জাগলাই ১-৪১ শতকের কাত ৬।৶৵ আঃ ৫৲ খং ২৭৪

৪১ খাং ডিঃ ঐ দেং আজেজান বিবি দাবি ১৫৸৶৵ মৌজাদি ঐ ৯২ শতকের ৩।০ আঃ ৭৲ খং ৩৬৮

২৬ খাং ডিঃ ঐ দেং সাবেদালী মোল্লা দাবি ২৩।৯ থানা ঐ মৌজে বেলাইপাড়া ১-২৫ শতকের কাত ৭৸২ আঃ ২৫৲ খং ১৫৫

৩৪ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৪৸৶০ থানা ঐ মৌজে জাগলাই ১ ৮০ শতকের কাত ৯।৶৮ আঃ ১০৲ খং ৪৫

৪৫ খাং ডিঃ ঐ দেং সাবের আলী মোল্লা দিং দাবি ৪৯ টাকা ১৫ নঃ পঃ থানা ঐ মৌজে বেলাইপাড়া ৩-৫৪ শতকের কাত ২৮৸৶৩ আঃ ৪০৲ খং ৬১

---

# বিজ্ঞাপন-বৈচিত্র্য

## জবাকুসুম তৈলের গুণ অতুলনীয়

উল্লিখিত বাক্যের যে কোন অক্ষর কেহ মনে করিলে, তাঁহার মনোনীত অক্ষর নিম্নলিখিত কবিতার সাহায্যে বলিয়া দেওয়া যায়। মনে করুন কেহ ( লে ) মনে করিলেন। তাঁহাকে জিজ্ঞাসা করুন আপনি নিম্নলিখিত পদ্যটী পড়িয়া বলুন কোন্ কোন্ ষ্ট্যাঞ্জায় আপনার অক্ষরটী আছে। তিনি পাঠ করিয়া অবশ্য বলিবেন ( ২ ) ও ( ৫ ) ষ্ট্যাঞ্জায় আছে। কারণ ( লে ) আর কোন ষ্ট্যাঞ্জায় নাই। আপনি ২ ও ৫ যোগ করুন, যোগফল হইল ৭। তাঁহার মনোনীত অক্ষর ঠিক ৭ম স্থানে আছে। এইরূপে সব অক্ষর বলা যায়।

( ১ )

আয়ুর্ব্বেদ-জলধিরে করিয়া মন্থন,
সুক্ষণে তুলিল এই মহামুল্য ধন।
বৈদ্যকুল-ধুরন্ধর স্বীয় প্রতিভায়;
এর সমতুল্য তেল কি আছে ধরায়?

( ২ )

এই তৈলে হয় সর্ব্ব শিরোরোগ নাশ,
অতুল্য ইহার গুণ হয়েছে প্রকাশ।
দীনের কুটির আর ধনীর আবাসে,
ব্যবহৃত হয় নিত্য রোগে ও বিলাসে।

( ৩ )

চুল উঠা টাকপড়া মাথা ঘোরা রোগে,
নিত্য নিত্য কেন লোক এই দেশে ভোগে!
সুগন্ধে ও গুণে বিমোহিত হয় প্রাণ,
সোহাগিনী প্রসাধনে এই তেল চান।

( ৪ )

কমনীয় কেশ গুচ্ছ এই তেল দিয়া,
কৃষ্ণবর্ণ হয় কত দেখ বিনাইয়া,
তুষিতে প্রেয়সী-চিত্ত যদি ইচ্ছা চিতে,
অনুরোধ করি মোরা এই তৈল দিতে।

( ৫ )

চিত্তরঞ্জন এভিনিউ চৌত্রিশ নম্বর—
বিখ্যাত ঔষধালয় লোক হিতকর
অবনীর সব রোগ হরণ কারণ,
ঔষধের ফলে তুষ্ট হয় রোগিগণ।

রচনা—শ্রীশরৎ পণ্ডিত (দা'ঠাকুর)

## খাদ্য ও ঔষধে ভেজাল নিরোধের ব্যবস্থা

গত ১৯শে ডিসেম্বর সোমবার বেলগেছিয়া মেডিকেল কলেজে তিনদিন ব্যাপী উৎসবের সভাপতি ডাঃ শ্রীনীহার মুন্সী তাঁহার সারগর্ভ ভাষণে বলিয়াছেন "যে ব্যক্তি অপরকে বিষপ্রয়োগে মারে তাহাকে চরম দণ্ড দেওয়া হয়, কিন্তু যাহারা নিদারুণ লোভের বশবর্ত্তী হইয়া খাদ্য ও ঔষধে ভেজাল দিয়া সমগ্র জাতিকে ধীরে ধীরে বিষ প্রয়োগে তাহার জীবনীশক্তি নষ্ট করিতেছে, তাহাদের বিরুদ্ধে তেমন কোন ব্যবস্থা গৃহীত হয় নাই। অথচ এইরূপ ভেজাল দেওয়ায়, মৃত্যুদণ্ড দেওয়াই বিধেয়।

## দেশী মোটর গাড়ী

নূতন মডেলে সস্তায় এ দেশেই মোটর গাড়ী নির্ম্মাণের আয়োজন হইতেছে। দাম পড়িবে পাঁচ হাজার টাকার মধ্যে।

## ৫০ নয়া পয়সার মুদ্রা

গত ১লা নভেম্বর থেকে ৫০ নয়া পয়সার মুদ্রা চালু হয়েছে। খাঁটি নিকেলের তৈরী ও গোলাকার। বর্ত্তমানের আধুলির চলন ঠিকই থাকবে।

## পণপ্রথার বলি

মেমারি থানার রসুলপুর গ্রামের ১৭ বৎসর বয়স্কা একটি তরুণী উদ্বন্ধনে আত্মহত্যা করিয়াছে। প্রকাশ, তরুণীর ভ্রাতা তাহার বিবাহ স্থির করিয়া বরপণাদির জন্য জমি বিক্রয় করিতেছে দেখিয়া সে নিজের জীবনই বিসর্জ্জন দিয়াছে।

## কলির ভৃগু

সংবাদপত্রে প্রকাশ বর্দ্ধমান জেলার মঙ্গলকোটের বি, ডি, ও, তাঁহার অর্ডারলি পিওন নারায়ণচন্দ্র দাসকে গত ৫ই ডিসেম্বর তারিখে রাত্রে ঘরে বন্ধ করিয়া বেদম প্রহার দিয়াছেন এমন কি লাথিও মারিয়াছেন।



## রেডক্রসের সম্পাদক গ্রেপ্তার

ভারতীয় রেডক্রস সোসাইটির পশ্চিমবঙ্গ শাখার বহু টাকা ক্ষতিসাধনের ব্যাপারে প্রতারণা, বিশ্বাস-ভঙ্গ, জালিয়াতি ও ষড়যন্ত্রের অভিযোগ সম্বন্ধে গোয়েন্দা পুলিস যে তদন্ত করিতেছিল, তৎসম্পর্কে ঐ পুলিস সোমবার ঐ সমিতির সাধারণ সম্পাদক শ্রী এস আর সেনগুপ্তকে গ্রেপ্তার করে। তদন্তকারী পুলিসের বিশ্বাস, এই ব্যাপারে লক্ষাধিক টাকা হেরফের হইয়াছে।

ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ
এজেন্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ
রঘুনাথগঞ্জ — সদরঘাট
শীতে ব্যবহারোপযোগী
মৃতসঞ্জীবনী সুধা, মহাদ্রাক্ষারিষ্ট
চ্যবনপ্রাশ
বিশুদ্ধভাবে প্রস্তুত যাবতীয় কবিরাজী ঔষধের
একমাত্র নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।

## বিজ্ঞপ্তি

যে সব ব্যক্তি ষ্টেট ক্যারেজ ও পাবলিক কেরিয়ারের পারমিট পুনর্নবীকরণ এবং যে সব ব্যক্তি পাবলিক কেরিয়ার ও ট্যাক্সির জন্য কন্‌ট্রাক্ট ক্যারেজের পারমিট লাভের উদ্দেশ্যে আবেদন করিয়াছেন তাঁহাদের নামের একটি তালিকা মুর্শিদাবাদের আঞ্চলিক পরিবহণ প্রাধিকারের, উক্ত জেলার প্রত্যন্তবর্ত্তী মহকুমা-শাসকদিগের অফিসের নোটিশ বোর্ডে টাঙাইয়া দেওয়া হইয়াছে। এই সম্বন্ধে কাহারও কিছু বক্তব্য থাকিলে এই নোটিশ প্রকাশিত হইবার ৩০ দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট তাহা পেশ করিতে হইবে। প্রাপ্ত আবেদন ও বক্তব্য বিবেচনা করিবার সময় ও স্থান নির্দ্ধারণ করিয়া সংশ্লিষ্ট সকলকেই যথাসময়ে জানানো হইবে। স্বাক্ষর : সচিব, আঞ্চলিক পরিবহণ প্রাধিকার, মুর্শিদাবাদ।


★আই, সি, আই পেইন্ট
★মেদিনীপুরের ভাল মাদুর
★যাবতীয় ঘানি, হলার ও ধান কলের পার্টস্
★ইমারতের যাবতীয় সরঞ্জাম।


বিক্রেতা:—
কুণ্ডু হার্ডওয়্যার ষ্টোর
খাগড়া মুর্শিদাবাদ



**বিশ্বস্ততার প্রতীক**

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের

# আমলা কেশ তৈল



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

---

## দি আর্ট ইউনিয়ন প্রিন্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬
টেলিগ্রাম : "আর্টইউনিয়ন" টেলিফোন : বড়বাজার ৫১২

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ ক্রেডিট সোসাইটি, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও

সর্ব্বদা সুলভ মূল্যে

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে

---

আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১৷৷৹ টাকা ও মাশুলাদি ১৶৹ এক টাকা তিন আনা।

সোল এজেন্ট :—**ডাঃ ডি, ডি, হাজরা**
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

---

স্বর্গীয় সতীশচন্দ্র সরকার মহাশয়ের প্রতিষ্ঠিত

## হ্যানিম্যান হল

মুর্শিদাবাদ জেলার আদি ও শ্রেষ্ঠতম হোমিও প্রতিষ্ঠান

হোমিওপ্যাথিক ও বাইওকেমিক ঔষধ কলিকাতার দরে বিক্রয় হয়। পাইকারী গ্রাহকদের বিশেষ সুযোগ ও সুবিধা দেওয়া হয়। আমরা যত্নের সহিত ভি. পি. যোগে মফঃস্বলে ঔষধ সরবরাহ করি। হোমিও পেটেন্ট **"আইওলিন"** চক্ষু ওঠায় ফল সুনিশ্চিত।

**হ্যানিম্যান হল,** খাগড়া, মুর্শিদাবাদ।

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।